গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

**২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পর্যায়ের কার্যালয়ে নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ এহেতেশাম রেজা
জেলা প্রশাসক, কুষ্টিয়া।

সভার তারিখ : ২১ এপ্রিল ২০২৪ খ্রিঃ।

সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থান : জেলা প্রশাসক, কুষ্টিয়া এঁর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের ১১/১২/২০১৬ তারিখের পরিপত্র মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের সকল কার্যক্রম স্বচ্ছতা, জবাবদিহিতার সাথে সম্পন্ন করতে হবে এবং জেলায় সম্পাদিত কাজের স্থিরচিত্রসহ তথ্যাবলী নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে বিশেষ গুরুত্বারোপ করতে হবে।

অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশনা সংবলিত পরিপত্রটি পাঠ করে শোনান।

বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| নৈতিকতা কমিটির সভা আহবান | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ এবং নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ আগামী সভায় পর্যালোচনার জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সহকারী কমিশনার সাধারণ শাখা |
| সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও বাস্তবায়ন | জেলা প্রশাসকের কার্যালয়ের সকল শাখা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং সেবাপ্রদান প্রতিশ্রুতি স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে এবং ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া। ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতি প্রান্তিকে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সভা অনুষ্ঠানসহ প্রতিমাসে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পন্নকরণে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্সে আপলোড করতে হবে। | সহকারী কমিশনার আইসিটি শাখা |

| | | |
|---|---|---|
| এনআইএস (NIS) বাস্তবায়নে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার নির্দেশনা বাস্তবায়ন | এনআইএস (NIS) বাস্তবায়নে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার নির্দেশনা অনুযায়ী দক্ষতা ও সুশাসন প্রতিষ্ঠায় নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে শিক্ষক, শিক্ষার্থী এবং ম্যানেজিং কমিটির সদস্যদের মাঝে NIS- এর ধারণা ছড়িয়ে দিতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া।<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুষ্টিয়া। |
| জেলা/উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য সরকার প্রদত্ত কতিপয় সেবা জনগণের নিকট পৌছানোর জন্য জেলা প্রশাসনের পক্ষ হতে টোল ফ্রি নম্বরসমূহ তথ্য বাতায়নে নির্ধারিত তারিখের মধ্যে দৃশ্যমান করতে হবে। টোল ফ্রি সেবাসমূহ (যেমন দুদক এর হটলাইন-১০৬, নারী নির্যাতন-১০৯, তথ্য আপা-১০৯২২, কৃষি সেবা-১৬১২৩, দুর্যোগ সতর্কতা-১০৯০, বিটিসিএল সেবা-১৬৪০২, সরকারি আইনগত সহায়তা সেবা-১৬৪৩০, পুলিশিং ও হাসপাতালের সেবাসমূহ জরুরি সেবা-৯৯৯, টোল ফ্রি সেবাসমূহ এবং কল সেন্টার '৩৩৩') এর মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে এবং জেলা/উপজেলা তথ্য বাতায়নে নিয়মিত প্রদর্শন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>ও<br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জেলা কার্যালয়, কুষ্টিয়া |
| গণশুনানি সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য জেলা প্রশাসন হতে সেবা প্রত্যাশীদের গণশুনানির মাধ্যমে প্রদেয় সেবার তথ্যাবলী নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। সে লক্ষ্যে প্রতি সপ্তাহে গণশুনানির স্থিরচিত্রসহ সেবা প্রত্যাশীর তথ্যাবলী তথ্য বাতায়নে আপলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। সহকারী কমিশনার, গোপনীয় শাখা।<br>৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা। |
| শুদ্ধাচার বিষয়ক আলোচনা | সকল বিভাগের মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার বিষয়ক আলোচনা অন্তর্ভুক্ত থাকতে হবে এবং কার্যবিবরণীতে শুদ্ধাচার বিষয়ক আলোচনা উল্লেখ করতে হবে। | সকল দপ্তর প্রধান<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করণ | সভায় জেলার সকল দপ্তরের ওয়েব পোর্টালে বিদ্যমান শুদ্ধাচার সেবা বক্স নিয়মিতভাবে হালনাগাদকরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | দপ্তর প্রধান<br>ও<br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জেলা কার্যালয়,কুষ্টিয়া। |
| ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ এবং স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়নে প্রদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>ও<br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জেলা কার্যালয়, কুষ্টিয়া। |

সভাপতি সেবা গ্রহীতার প্রতি উত্তম ব্যবহারসহ সর্বদা সেবার মনোভাব দেখানোর অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৪/২০২৪

(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক
কুষ্টিয়া।
ফোন: ০২৪৭৭৭-৮২৩০০
dckushtia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

স্মারক নম্বর.০৫.৪৪.৫০০০.০০১.০৬.০০৩.২৪. ৪৮৫

তারিখ : ১৬ বৈশাখ ১৪৩১ / ২৯ এপ্রিল ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক, উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতি: জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুষ্টিয়া।
০৮। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/সহকারী কমিশনার, জেএম শাখা/ব্যবসা বাণিজ্য শাখা/ জেলা মহাফেজ/আইসিটি শাখা।
০৯। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুষ্টিয়া। [সভার কার্যবিবরণী জেলা তথ্য বাতায়নে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।]
১০। অফিস কপি।

২৯/৪/২০২৪

জেলা প্রশাসক
কুষ্টিয়া।